ইত্তেফাক

তারিখ ২৫।৪।৮১

পাতা - ৫

059

# প্রেসনোট

গতকাল (সোমবার) গভীর রাতে প্রাপ্ত এক সরকারী প্রেসনোটে বলা হয়ঃ সরকার দুঃখের সহিত জানিতে পারিয়াছেন যে, গতকাল প্রায় ১১টা ৪৫ মিনিটের সময় দাঙ্গাকারী জনতার বেআইনী সমাবেশ ছত্রভঙ্গ করা এবং তোলারাম কলেজে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট পুলিশ ও এইচএসসি পরীক্ষা পরিচালনারত শিক্ষকদের জীবন রক্ষার্থ মহকুমা ম্যাজিস্ট্রেটের নির্দেশে পুলিশকে গুলীবর্ষণ করিতে হয়। গুলী বর্ষণের ফলে একজনের মৃত্যু ঘটে ও ১০ জন আহত হয়। যে ঘটনা ও পরিস্থিতিতে গুলীবর্ষণ করিতে হয় তাহা নিম্নের প্যারাগুলিতে বর্ণিত হইল ঃ

২) পরীক্ষা কেন্দ্রগুলিতে গোলমালের আশংকায় ১৪৪ ধারা জারির মাধ্যমে এইচ এস সি পরীক্ষা কেন্দ্র নারায়ণগঞ্জ মহিলা কলেজ ও সরকারী তোলারাম কলেজের ২ শত গজের মধ্যে বেআইনী সমাবেশ নিষিদ্ধ করা হয়। পূর্বাহ্নে সরকারী তোলারাম কলেজের নবনির্বাচিত বাংলাদেশ ছাত্রলীগভুক্ত (কাদের-চুন্নু) ছাত্র সংসদের সদস্যরা এবং প্রায় ৪ শত পরীক্ষার্থী ও বহিরাগত পরীক্ষার হলের অভ্যন্তরে ছাত্র নেতাদের প্রবেশাধিকার দাবী করে। কর্তৃপক্ষ এই দাবী প্রত্যাখ্যান করেন। (অসমাপ্ত)